

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

বিজ্ঞপ্তি নম্বর-৭৯, তারিখ : ০৩/০৬/২০১৭ খ্রি.


সরকারি আজিজুল হক কলেজ, বগুড়ায় ২০১৭ সালের স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদনকৃত শিক্ষার্থীদেরকে “শিওরক্যাশ” মোবাইল ব্যাংকিং-এ AHCNU keyword এর মাধ্যমে Student ID তে নিজের ভর্তির রোলের অনুকূলে টাকা ৭৩৫/- (সাতশত পঁয়ত্রিশ টাকা) পরিশোধ করে নিজের মোবাইলে Transaction ID পাওয়া যাবে।

সরকারি আজিজুল হক কলেজের ওয়েব সাইট- [www.ahcollege.gov.bd](http://www.ahcollege.gov.bd) তে প্রবেশ করে online admission-ক্লিক করে নিজের মোবাইলে প্রাপ্ত Transaction ID ও ভর্তি ফরমের Admission Roll দিয়ে প্রদর্শিত কোড Verify করে প্রাপ্ত Next-এ ক্লিক করে কলেজের ভর্তি ফরম পাওয়া যাবে। এই ফরম অনলাইনে পূরণপূর্বক প্রিন্ট নিতে হবে ও একটি ফটোকপি করতে হবে। অতঃপর প্রিন্টকৃত দু'টো ফরমই এবং ফটোকপি কলেজের ক্যাশ কাউন্টারে প্রয়োজনীয় কাগজপত্র ও ব্যবস্থাপনা ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ফিসহ জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

ভর্তির তারিখ : ০৪/০৬/২০১৭ থেকে ০৫/০৭/২০১৭ ইং তারিখ পর্যন্ত (সরকারি ছুটির দিন ভর্তি বন্ধ থাকবে)  
সময় : প্রতিদিন সকাল ১০ টা থেকে বেলা ০১:০০টা (ভর্তি ফরম জমা দেয়ার সময়)

**ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র :**

- ১। জাতীয় বিশ্ববিদ্যালয় ও কলেজের ওয়েবসাইট হতে ডাউনলোডকৃত মূল ফরম দুটির সম্পূর্ণ কপি ১টি করে;
  - ২। উক্ত ফরমদুটির ফটোকপি ২টি করে, ফরমের উপরে নিজের সক্রিয় মোবাইল নম্বর লিখতে হবে এবং সদ্যতোলা পাসপোর্ট ছবি প্রতিটিতে ১ কপি করে লাগাতে হবে, (ছবির পিছনে নিজের নাম এবং জাতীয় বিশ্ববিদ্যালয় ফরমের ভর্তি রোল লিখতে হবে)
  - ৩। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি;
  - ৪। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল সনদ ও মূল নম্বরপত্র, সার্টিফিকেট কোর্সের ক্ষেত্রে স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) পরীক্ষার মূল সনদ ও মূল নম্বরপত্র জমা দিতে হবে।
  - ৫। সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ;
  - ৬। শিক্ষার্থীর নিজের ও পিতা-মাতা/অভিভাবকের (পিতার অবর্তমানে) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি ০২ কপি।
  - ৭। প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে “শিক্ষা ছুটি দেয়া হবে” মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়ন পত্র;
- \*\* বিঃ দ্রঃ শিওরক্যাশ অর্থ ট্রানজেকশন সার্ভিস চার্জ ১০/- (দশ) টাকা মাত্র। (শিওরক্যাশ চার্জ ব্যতীত কোন এজেন্ট অতিরিক্ত টাকা নিলে তাৎক্ষণিক অভিযোগ করুন : ০৯৬০৬০৬০৬০৭ শিওরক্যাশ কল সেন্টার)।

  
০৩/০৬/১৭  
প্রফেসর মোঃ সামস-উল আলম (৮৪২২)  
অধ্যক্ষ  
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া  
প্রফেসর মোঃ সামস-উল আলম (৮৪২২)  
অধ্যক্ষ  
সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া।